রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, নভেম্বর ১১, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩০১-আইন/২০২৩।**—Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) এর section 8 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962);

(খ) **"অধিদপ্তর"** অর্থ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;

(গ) "উচ্চ বিদ্যালয়" অর্থ নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়;

(ঘ) "নির্ধারিত" অর্থ নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত;

(ঙ) নিবন্ধন" অর্থ বিধি ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন;

(চ) "নিবন্ধন কর্তৃপক্ষ" অর্থ বিধি ৫(৬) এ উল্লিখিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(ছ) "পাঠদান অনুমতি" অর্থ বিধি ৪ এর অধীন প্রদত্ত পাঠদান অনুমতি;

(জ) "ফরম" অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ঝ) "বিভাগীয় উপ-পরিচালক" অর্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় উপ-পরিচালক;

(ঞ) "বেসরকারি প্রাথমিক বিদ্যালয়" অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালিয় ব্যতীত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয়, ইংরেজি ভার্সন ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত সংযুক্ত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত বিদ্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে:

তবে শর্ত থাকে যে, বিদেশি কারিকুলামে (ইংরেজি মাধ্যম) পরিচালিত বিদ্যালয়সমূহ এই বিধিমালার আওতাভুক্ত হইবে না;

(ট) "ব্যবস্থাপনা কমিটি" অর্থ বিধি ৮ এর অধীন গঠিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি;

(ঠ) "সহপাঠ" অর্থ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাক্রম পরিচালনার উদ্দেশ্য পূরণকল্পে, পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহকে সহায়তা প্রদানের জন্য ব্যবহৃত সহায়ক পাঠ্য বই; এবং

(ড) "সংরক্ষিত তহবিল" বা "সাধারণ তহবিল" অর্থ বিধি ১২ এর অধীন গঠিত সংরক্ষিত তহবিল বা সাধারণ তহবিল।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধনের ক্ষেত্রে এই বিধিমালার বিধান প্রাধান্য পাইবে।

৪। **পাঠদান অনুমতি।**—(১) পাঠদান অনুমতির জন্য কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তিকে উপ-বিধি (৩) এ বর্ণিত ফি জমা প্রদান সাপেক্ষে ফরম 'ক' তে সংশ্লিষ্ট থানা/উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাই করিয়া সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার সরেজমিন পরিদর্শন করিয়া মতামতসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করিবেন।

(৩) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান অনুমতির আবেদন ফি নিম্নরূপ হারে নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে, যথা:—

(ক) মেট্রোপলিটন সিটি ও অন্যান্য বিভাগীয় শহরে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকা;

(খ) জেলা সদরে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ৩ (তিন) হাজার টাকা; এবং

(গ) দফা (ক) ও (খ) তে উল্লিখিত এলাকা ব্যতীত উপজেলা সদরসহ অন্য যে কোনো স্থানে অবস্থিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ২ (দুই) হাজার টাকা।

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রস্তাবিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শন করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন সরেজমিন পরিদর্শন করিয়া এবং আবেদনপত্রে উল্লিখিত বিষয়াবলি ও উহার সহিত জমাকৃত কাগজপত্র ও তথ্যাদি পরীক্ষাপূর্বক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনাধীন বেসরকারি প্রাথমিক বিদ্যালয় অধ্যাদেশের ধারা ৪(২) এবং এই বিধিমালায় উল্লিখিত অন্যান্য শর্তাবলি পালন করিতে সক্ষম, তাহা হইলে তিনি আবেদন প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে ফরম 'খ' অনুযায়ী পাঠদান অনুমতি সনদ প্রদান করিবেন এবং সন্তুষ্ট না হইলে সিদ্ধান্ত অবহিত করিবেন।

(৬) পাঠদান অনুমতি প্রদানের ক্ষেত্রে, নিবন্ধন কর্তৃপক্ষ, অধ্যাদেশ ও এই বিধিমালার বিধানের সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, তৎবিবেচনায় প্রয়োজনীয় বলিয়া বিবেচিত যে কোনো শর্ত আরোপ করিতে পারিবে।

(৭) পাঠদান অনুমতির মেয়াদ হইবে পাঠদান অনুমতি সনদ প্রদানের তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসর।

৫। **নিবন্ধন, ইত্যাদি।**—(১) বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন পাঠদান অনুমতি সনদ প্রাপ্তির ১ (এক) বৎসর মেয়াদ অতিক্রান্ত হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে পাঠদান অনুমতিপ্রাপ্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষকে উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে উক্ত বিদ্যালয় নিবন্ধনের জন্য উপ-বিধি (৩) এ বর্ণিত ফিসহ ফরম 'গ' তে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপজেলা/থানা শিক্ষা অফিসার সরেজমিন যাচাই-বাছাই করিয়া ফরম 'ঘ' অনুযায়ী মূল্যায়ন প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করিবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, প্রয়োজনে সরেজমিন পরিদর্শন করিয়া, যথোপোযুক্ত মনে হইলে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিবন্ধন প্রদানের জন্য সুপারিশ করিবেন।

(৩) নিবন্ধনের জন্য আবেদন ফি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) মেট্রোপলিটন সিটি ও অন্যান্য বিভাগীয় শহরে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ১৫ (পনের) হাজার টাকা;

(খ) জেলা সদরে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা; এবং

(গ) দফা (ক) ও (খ) তে উল্লিখিত এলাকা ব্যতীত উপজেলা সদরসহ অন্য যে কোনো স্থানে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে ৮ (আট) হাজার টাকা।

(৪) নিবন্ধন প্রদানের সময় বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তি, উপস্থিতি, প্রাথমিক শিক্ষা চক্রের সমাপনের হারসহ অন্যান্য বিষয়াদি বিবেচনা করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, নিবন্ধন কর্তৃপক্ষ, পাঠদান অনুমতি প্রদানের সময় ফরম 'খ' তে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম 'ঙ' অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিবে এবং সন্তুষ্ট না হইলে সিদ্ধান্ত অবহিত করিবে।

(৬) নিবন্ধন কর্তৃপক্ষ হইবে বিভাগীয় উপ-পরিচালক।

(৭) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিবন্ধনের মেয়াদ হইবে নিবন্ধন সনদ প্রদানের তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর।

(৮) উপ-বিধি (৫) এর অধীন প্রদত্ত প্রত্যেকটি নিবন্ধন সনদে, অন্যান্য বিষয়ের মধ্যে, উহার মেয়াদ, মেয়াদ শেষে নবায়নের প্রয়োজনীয়তা এবং নিবন্ধনের জন্য প্রযোজ্য অন্যান্য শর্তাবলি উল্লেখ থাকিবে।

(৯) পাঠদান অনুমতি সনদ পাইবার ১ (এক) বৎসর মেয়াদ অতিক্রান্ত হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিবন্ধনের জন্য কার্যক্রম গ্রহণ না করিলে পাঠদান অনুমতি বাতিল হইবে।

(১০) নিবন্ধন কর্তৃপক্ষ তদ্‌কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদের অনুলিপি সংরক্ষণ করিবে।

৬। **নিবন্ধন নবায়ন।**—(১) এই বিধিমালার অধীন প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধন, বিধি ৫(৩) এ উল্লিখিত নিবন্ধন ফি এর শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ জমা প্রদান ও এই বিধিমালার অধীন নিবন্ধনের অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, প্রতি ৫(পাঁচ) বৎসর মেয়াদে নবায়নযোগ্য হইবে।

(২) নিবন্ধন নবায়নের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম 'চ' তে আবেদন করিতে হইবে।

(৩) নিবন্ধন নবায়নের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে আবেদন করিবে।

(৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুপারিশ/মতামতসহ আবেদনপত্রটি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন এবং নিবন্ধন কর্তৃপক্ষ উহা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম 'ছ' অনুযায়ী নিবন্ধন নবায়ন সনদ প্রদান করিবেন অথবা সিদ্ধান্ত অবহিত করিবেন।

৭। **নিবন্ধনের শর্তাবলি সংশোধন**—অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিবন্ধন কর্তৃপক্ষ তদ্‌ধীন প্রদত্ত নিবন্ধন সনদে উল্লিখিত যে কোনো শর্ত সংশোধন করিতে পারিবে।

৮। **ব্যবস্থাপনা কমিটি, ইত্যাদি।**—(১) অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি ব্যবস্থাপনা কমিটি থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(খ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ (এক) জন শিক্ষক প্রতিনিধি;

(গ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত ২ (দুই) জন প্রতিনিধি;

(ঘ) উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতাগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত বা মনোনীত ২ (দুই) জন প্রতিনিধি:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ প্রতিনিধি পাওয়া না গেলে স্থাণীয় প্রশাসন অর্থাৎ ইউনিয়ন, উপজেলা সদর ও এর আওতাভুক্ত পৌর এলাকায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক এবং জেলা সদর ও সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ২ (দুই) জন প্রতিনিধি মনোনীত হইবেন; এবং

(ঙ) পার্শ্ববর্তী নিকটতম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

(২) উপ-বিধি (১) এর অধীন কমিটি গঠিত হইবার পর অনতিবিলম্বে উহা উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর দফা (ঘ) এর অধীন প্রতিনিধি নির্বাচিত বা মনোনীত হইবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা ২ (দুই) জনের অধিক হইলে উক্ত প্রতিনিধিগণ তাহাদের মধ্য হইতে নির্বাচিত হইবেন এবং কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা অনধিক ২ (দুই) জন হইলে, তিনি বা তাহারা ব্যবস্থাপনা কমিটিতে স্বয়ংক্রিয়ভাবে উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতা প্রতিনিধি হইবেন।

(৪) উপ-বিধি (১) ও উপ-বিধি (৩) এর অধীন প্রতিনিধি নির্বাচন পদ্ধতি সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

(৫) উপ-বিধি (১) ও উপ-বিধি (৩) এর অধীন নির্বাচিত সদস্যগণ সভাপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন কোনো পদ শূন্য হইলে পদটি শূন্য হইবার ১৫ (পনের) দিনের মধ্যে এই বিধির অন্যান্য বিধানাবলি অনুসরণক্রমে উক্ত শূন্যপদ পূরণ করিতে হইবে এবং যিনি উক্ত পদে নির্বাচিত বা মনোনীত হইবেন তিনি ব্যবস্থাপনা কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

(৭) ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবার পর উহার প্রথম সভায়, উপ-বিধি ১ এর দফা(ক) এবং (খ) এ উল্লিখিত কমিটির সদস্য ব্যতীত, কমিটির অন্যান্য সদস্যগণের মধ্য হইতে একজনকে সভাপতি ও অন্য একজনকে সহ-সভাপতি নির্বাচন করিতে হইবে।

(৮) নিবন্ধিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহিত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় সংযুক্ত থাকিলে, উক্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য পৃথক ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে।

(৯) ব্যবস্থাপনা কমিটি স্থানীয় প্রশাসন অর্থাৎ ইউনিয়ন পরিষদ, উপজেলা সদর ও এর আওতাভুক্ত পৌর এলাকায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা সদর ও মেট্রোপলিটন এর আওতাভুক্ত এলাকায় অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৯। **ব্যবস্থাপনা কমিটির মেয়াদ**—ব্যবস্থাপনা কমিটির মেয়াদ হইবে উহার প্রথম সভার তারিখ হইতে ৩ (তিন) বৎসর:

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও, নূতন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ১(এক) জন অভিভাবক প্রতিনিধির সমন্বয়ে গঠিত এডহক কমিটি কার্যভার চালিয়ে যাইবে।

১০। **ব্যবস্থাপনা কমিটির সভা**—(১) এ বিধির অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, ব্যবস্থাপনা কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) ব্যবস্থাপনা কমিটির সভা সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে উহার সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ২(দুই) মাসে ব্যবস্থাপনা কমিটির অন্তত ১(এক) টি সভা অনুষ্ঠিত হইবে।

(৪) ব্যবস্থাপনা কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সহ-সভাপতি সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) ব্যবস্থাপনা কমিটির সভায় কোরামের জন্য উহার সদস্য-সচিবসহ কমিটির অন্যূন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৬) ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল কোনো সদস্য পদের শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১১। **ব্যবস্থাপনা কমিটির কার্যাবলি।**—ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগ;

(খ) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি নির্ধারণ;

(গ) শিক্ষক ও কর্মচারীদের শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;

(ঘ) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ; এবং

(ঙ) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো, শিক্ষার মান ও শিক্ষার পরিবেশ উন্নয়নের স্বার্থে প্রয়োজনীয় অন্যান্য কার্য-সম্পাদন।

১২। **তহবিল।**—(১) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি সংরক্ষিত তহবিল এবং একটি সাধারণ তহবিল থাকিবে, যাহা যথক্রমে, "বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সংরক্ষিত তহবিল" ও "বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সাধারণ তহবিল" নামে অভিহিত হইবে।

(২) সংরক্ষিত তহবিলে, বিধি ১৩ এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত অর্থ সঞ্চয়পত্র আকারে বা কোনো তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে জমা থাকিবে, যথা:—

(ক) মেট্রোপলিটন এলাকায় অবস্থিত হইলে ১ (এক) লক্ষ টাকা;

(খ) জেলা সদরে অবস্থিত হইলে ৭৫ (পঁচাত্তর) হাজার টাকা;

(গ) উপজেলা সদর ও পৌরসভায় অবস্থিত হইলে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা; এবং

(ঘ) ইউনিয়ন পর্যায়ে অবস্থিত হইলে ২৫ (পঁচিশ) হাজার টাকা।

(৩) ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা বা ভাঙ্গানো যাইবে না।

(৪) সাধারণ তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:—

(ক) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বেতন-ভাতাদি হইতে প্রাপ্ত অর্থ;

(খ) কোনো স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) সরকার বা অন্য কোনো সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;

(ঘ) শিক্ষা কার্যক্রম বহির্ভূত অন্য কোনো উদ্যোগ বা কর্মকাণ্ড হইতে প্রাপ্ত আয়; এবং

(ঙ) অন্য কোনো উৎস হইতে প্রাপ্ত আয়।

(৫) সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলসহ অন্যান্য আর্থিক লেনদেন ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৬) সাধারণ তহবিল হইতে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনার প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

(৭) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, সাধারণ তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

(৮) বিদ্যালয় ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয় নির্বাহের পর সঞ্চয়পত্র, স্থায়ী আমানত ও অনুদান হইতে প্রাপ্ত আয় বিদ্যালয়ের অবকাঠামো, শিক্ষার মান উন্নয়ন, ছাত্র-শিক্ষক এবং কর্মচারীর কল্যাণে ব্যয় করা যাইবে।

১৩। **ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণ।**—ব্যক্তির নামে কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে উদ্যোক্তা কর্তৃক ৫ (পাঁচ) লক্ষ টাকা বিদ্যালয়ের স্থায়ী আমানত হিসাবে সংরক্ষিত তহবিলে জমা রাখিতে হইবে এবং উক্ত বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজে ব্যবস্থাপনা কমিটির সর্বসম্মত সিদ্ধান্তে উক্ত অর্থের লভ্যাংশ উত্তোলন করিয়া সাধারণ তহবিলে অন্তর্ভুক্তির মাধ্যমে উহা ব্যয় করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ব্যক্তির নামে প্রতিষ্ঠিত বিদ্যমান বিদ্যালয়ের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

১৪। **ছাত্র ও শিক্ষক অনুপাত।**—কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতি শ্রেণিতে ছাত্র ও শিক্ষক গড় অনুপাত হইবে ৩০:১।

১৫। **শাখা খোলা।**—(১) কোনো শ্রেণিতে ছাত্রছাত্রীর সংখ্যা বিধি ১৪ তে উল্লিখিত অনুপাতের অধিক হইলে পৃথক শাখা খুলিতে হইবে এবং এইরূপ ক্ষেত্রে নিবন্ধন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(২) বেসরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে পঞ্চম শ্রেণি পর্যন্ত, সম্ভব না হইলে অন্যূন তৃতীয় শ্রেণি পর্যন্ত, শিক্ষার্থী ভর্তি করিয়া পাঠদান কার্যক্রম শুরু করিতে হইবে।

(৩) বিধি ৪ ও ৫ এ উল্লিখিত পদ্ধতি প্রতিপালন সাপেক্ষে বিদ্যালয় প্রাঙ্গন বহির্ভূত অন্য কোনো স্থানে উক্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক বা একাধিক শাখা খোলা যাইবে।

১৬। **টিউশন ফি, ইত্যাদি।**—(১) শিক্ষার গুণগতমান এবং অবকাঠামোগত সুযোগ-সুবিধা বিবেচনা করিয়া ব্যবস্থাপনা কমিটি উপজেলা/থানা/মহানগর শিক্ষা কমিটির সহিত আলোচনা সাপেক্ষে ছাত্রছাত্রীদের জন্য টিউশন ফি নির্ধারণ করিবে।

(২) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বিপরীতে, ভর্তি নবায়ন বা পুনঃভর্তির নামে ছাত্রছাত্রীদের নিকট হইতে অনুদান বাবদ কোনো অর্থ আদায় করা যাইবে না।

১৭। **শিক্ষক ও কর্মচারী নিয়োগ।**—(১) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীগণকে উক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পাঠদানের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

(২) এই বিধিমালার অধীন প্রথম হইতে পঞ্চম শ্রেণির জন্য অন্যূন ৬ (ছয়) জন শিক্ষক নিয়োগ করিতে হইবে।

(৩) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের পূর্বে তজ্জন্য বহুল প্রচারিত অন্যূন একটি জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ অন্যান্য বিষয়াদি উল্লেখ করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত একটি নিয়োগ বোর্ড উক্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগ বোর্ডে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত এক (১) জন প্রতিনিধি অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৫) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট উহার শিক্ষক ও কর্মচারী নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষাবর্ষ সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে একটি বাৎসরিক রিপোর্ট পেশ করিবে।

১৮। **শিক্ষক-কর্মচারীদের বেতন, ভাতা, ইত্যাদি।**—বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষক এবং কর্মচারীদের বেতন, ভাতাদি ও অন্যান্য সুবিধাদি সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ এককভাবে পরিশোধ করিবে এবং উক্ত বেতন, ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রদানের দায় কোনোক্রমেই সরকার বা অন্য কোনো কর্তৃপক্ষের উপর বর্তাইবে না।

১৯। **বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমি ও ভবন।**—(১) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব মালিকানায় বা ভাড়ায় মেট্রোপলিটন এলাকায় অন্যূন ০.০৮ একর (আট শতাংশ), পৌরসভা এলাকায় অন্যূন ০.১২ একর (বার শতাংশ) এবং অন্যান্য এলাকার জন্য অন্যূন ০.৩০ একর (ত্রিশ শতাংশ) ভূমি থাকিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো নার্সারি, কিন্ডারগার্টেন, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহিত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পাঠদানের সুযোগ থাকিলে, উক্ত বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত পরিবেশ ও পর্যাপ্ত সংখ্যক শ্রেণিকক্ষ থাকিতে হইবে।

(৩) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের পর্যাপ্ত সংখ্যক শ্রেণিকক্ষ এবং, যতদূর সম্ভব, প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকগণের কক্ষ থাকিতে হইবে।

(৪) কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব ভূমি ও ভবন না থাকিলে এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ভূমি ও ভবন ভাড়ায় নেওয়া যাইবে এবং ভাড়া নেওয়ার প্রমাণ হিসাবে উক্ত বিদ্যালয়ের নামে কমপক্ষে ৩ (তিন) বৎসরের জন্য ৩ (তিন) শত টাকা বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ভাড়ার লিখিত চুক্তি থাকিতে হইবে।

২০। **শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, ইত্যাদি।**—(১) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক অনুমোদিত পাঠ্য বই আবশ্যিকভাবে পাঠ্যপুস্তক তালিকায় অন্তর্ভুক্ত করিতে হইবে এবং এনসিটিবি কর্তৃক প্রণীত বা সরকার কর্তৃক নির্ধারিত শিক্ষাক্রম অনুসরণ করিতে হইবে।

(২) সহশিক্ষা কার্যক্রম হিসাবে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশু বান্ধব পরিবেশ, খেলাধুলার জন্য প্রয়োজনীয় স্থান, কক্ষ বা মাঠের ব্যবস্থা করাসহ সাংস্কৃতিক কর্মকাণ্ড, বৃক্ষরোপণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৩) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর বিধানের আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করিবার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

২১। **পরিদর্শন**।—এই বিধিমালার অধীন নিবন্ধিত সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বা মাঠ পর্যায়ের কর্মকর্তা ও স্থানীয় প্রশাসনের কর্মকর্তাগণ বিদ্যালয়ের শিক্ষার গুণগতমান, শিক্ষার পরিবেশ, ছাত্র-শিক্ষক সম্পর্কসহ শিক্ষা সম্পর্কিত অন্যান্য বিষয়ে পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২২। **গ্রন্থাগার**।—প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে, যতদূর সম্ভব, একটি গ্রন্থাগার থাকিবে এবং উহাতে শিশুদের উপযোগী পুস্তক থাকিতে হইবে।

২৩। **বিশুদ্ধ পানি ও টয়লেট**।— প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিশুদ্ধ পানির ব্যবস্থা এবং ছাত্রছাত্রীদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেট থাকিতে হইবে।

২৪। **সরকারি সাহায্য ও অনুদান**।—সরকার স্বেচ্ছায় কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে কোনোরূপ সাহায্য বা অনুদান প্রদান করিলে উক্ত অর্থ উক্ত বিদ্যালয়ের উন্নয়ন কাজে ব্যয় করা যাইবে এবং উক্ত সাহায্য ও অনুদান ব্যবহারের ক্ষেত্রে এতদুদ্দেশ্যে প্রণীত সরকারি নীতিমালা অনুসরণ করিতে হইবে।

২৫। **খেলাধুলা**।—প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের ক্রীড়ার জন্য পর্যাপ্ত খেলাধুলা সামগ্রী থাকিতে হইবে।

২৬। **জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ**।—প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে সকল জাতীয় কর্মসূচি বা অনুষ্ঠানে (যেমন-স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহীদ দিবস ও জাতীয় শোক দিবসসহ সরকার ঘোষিত সকল জাতীয় দিবস) বাধ্যতামূলক অংশগ্রহণ করাসহ জাতীয় কর্মসূচির আলোকে যথাযথ কর্মসূচি গ্রহণ করিতে হইবে।

২৭। **চিকিৎসা**।—ছাত্রছাত্রীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রতিটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে বাধ্যতামূলকভাবে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং উক্ত উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে জরুরী চিকিৎসার জন্য ফাস্ট এইড বক্স সংরক্ষণ করিতে হইবে।

২৮। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।—(১) সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয় উহার হিসাবরক্ষণ করিবে।

(২) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি প্রত্যেক অর্থ বৎসর সমাপ্ত হইবার পর উক্ত বিদ্যালয়ের আর্থিক কর্মকাণ্ড সম্পর্কে কোনো অডিট ফার্ম বা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত অডিট কমিটি দ্বারা নিরীক্ষা সম্পাদন করিবে এবং উহার একটি রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

২৯। **নিবন্ধনের জন্য পুনঃআবেদন**।—(১) কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন প্রত্যাখ্যাত হইলে বা অধ্যাদেশের ধারা ৬ এর অধীন নিবন্ধন সনদ বাতিল বা স্থগিত করা হইলে উক্ত বিদ্যালয়ের নিবন্ধনের জন্য পুনরায় আবেদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন করা হইলে উহা একটি নূতন আবেদন হিসাবে গণ্য হইবে এবং উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

৩০। **প্রশিক্ষণ গ্রহণ**।—বেসরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক স্তরের শিক্ষকদের জন্য সরকার নির্ধারিত প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করিতে হইবে।

৩১। **সনদপত্রের ফরমেট প্রণয়ন ও সরবরাহ**।—প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিভাগওয়ারী ক্রমিক নম্বরসহ নিবন্ধন সনদপত্রের ফরমেট প্রণয়ন ও সরবরাহ করিবে।

৩২। **অসুবিধা দূরীকরণ**।—নিবন্ধন কর্তৃপক্ষের ক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে এবং এই বিধিমালার অধীন বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধনের প্রশ্নে এই বিধিমালার বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকরকরণে কোনো অসুবিধা দেখা দিলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখা প্রদান করত নিবন্ধন কর্তৃপক্ষকে করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান করিতে পারিবে।

৩৩। **রহিতকরণ ও হেফাজত**।—এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজী মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১১, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো আদেশ, প্রাথমিক অনুমতি বা নিবন্ধন সনদ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(৩) উক্ত বিধিমালার অধীন কোনো কার্যক্রম অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

ফরম-ক

[বিধি-৪(১) দ্রষ্টব্য]

**পাঠদান অনুমতির আবেদন**

**(ক) বিদ্যালয় সম্পর্কিত**

| | | | |
|---|---|---|---|
| ১। | বিদ্যালয়ের নাম | : | |
| ২। | বিদ্যালয়ের ঠিকানা, টেলিফোন/মোবাইল ও ই-মেইল (যদি থাকে) | : | |
| ৩। | বিদ্যালয় প্রতিষ্ঠার তারিখ | : | |
| ৪। | বিদ্যালয়ের ধরন (সঠিকটিতে চিহ্ন দিন) | : | সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যতীত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত পরিচালিত ৫ম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়। |

৫। বিদ্যালয়ের পাঠদানের মাধ্যম (সঠিকটিতে চিহ্ন দিন) : বাংলা/ইংরেজি

৬। পার্শ্ববর্তী চতুর্পার্শ্বস্থ  নিকটতম বিদ্যালয়সমূহের তথ্য (নিম্নোক্ত ছকে সংযুক্ত করিতে হইবে): যাহা সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক পৃথক কাগজে প্রত্যায়িত হইতে হইবে। দূরত্ব বিবেচনায় বিদ্যালয় স্থাপনের উপযুক্ত হইলে উক্ত প্রত্যয়নপত্রে সুস্পষ্ট মতামত প্রদান করিতে হইবে।

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | বিদ্যালয়ের অবস্থান (দিক) | প্রস্তাবিত বিদ্যালয় থেকে দূরত্ব | ছাত্রছাত্রীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৭। বিদ্যালয়টির উদ্যোক্তা/প্রতিষ্ঠাতা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত/পরিচালিত হইলে তাহার নাম:

৮। বিদ্যালয়টি কোনো উচ্চ বিদ্যালয় সংলগ্ন কিনা ? : হ্যাঁ/না

৯। উচ্চ বিদ্যায় সংলগ্ন হইলে উক্ত উচ্চ বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং টেলিফোন/মোবাইল/ই-মেইল (যদি থাকে) :

১০। প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট উচ্চ বিদ্যালয়ের নিবন্ধন আছে কিনা ? থাকিলে নিবন্ধন নম্বর : হ্যাঁ/না

১১। বিদ্যালয়টি পরিচালনার  ক্ষেত্রে কোনো গঠনতন্ত্র আছে কিনা ? থাকিলে উহার কপি সংযুক্ত করিতে হইবে: হ্যাঁ/না

(খ) বিদ্যালয়ের ছাত্রছাত্রী সম্পর্কিত

১২। প্রত্যেক শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা এবং যদি কোনো শ্রেণিতে কোনো শাখা থাকে তাহা হইলে শাখাওয়ারী ছাত্রছাত্রীর সংখ্যা উল্লেখ করিতে হইবে:

| শ্রেণির নাম | শাখা | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|---|
| | ক | | | |
| | খ | | | |

১৩। শিক্ষক সংখ্যা:

| ক্রমিক নং | শিক্ষক/কর্মচারীর নাম | পদবি | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষণ যদি থাকে | যোগদানের তারিখ ও বর্তমান বয়স | স্থায়ী/অস্থায়ী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১৪। বিদ্যালয়ের জমি,ভবন, ভবনের আয়তন সম্পর্কে বিবরণ। জমি নিজস্ব হইলে দলিল ও নামজারি আছে কিনা? তাছাড়া, জমি/ভবন ভাড়ায় হইলে চুক্তি নামা:

১৫। বিধিমালা অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি আছে কিনা? এবং উচ্চ বিদ্যালয় সংলগ্ন হলে পৃথক কিনা (তালিকা পৃথক কাগজে সংযুক্ত করিতে হইবে):

১৬। সাধারণ তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে):

১৭। সংরক্ষিত তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে):

১৮। টয়লেটের সংখ্যা ও বিবরণ (শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক কিনা?):

১৯। নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা? :

২০। বিদ্যালয়ের খেলার মাঠ বা খেলাধুলার প্রয়োজনীয় সুবিধার বিবরণ:

২১। পাঠদানের অনুমতির জন্য নির্ধারিত ফি জমার বিবরণ (পাঠদান অনুমতি সংক্রান্ত ফি জমা দানের প্রমাণ স্বরূপ জমা রসিদের কপি/চালান সংযুক্ত করিতে হইবে):

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে সরবরাহকৃত উপরি-উক্ত সকল তথ্য আমার জানামতে সত্য ও সঠিক। এমতাবস্থায়, ..................................বিদ্যালয়টিকে পাঠদান অনুমতি প্রদানের জন্য অনুরোধ করছি।

তারিখ:

প্রতিষ্ঠাতা/পরিচালক/প্রধান শিক্ষক
বা আইনগত প্রতিনিধির স্বাক্ষর

ফরম-খ

[বিধি-৪(৫) এবং ৫(৫) দ্রষ্টব্য]

**পাঠদান অনুমতির সনদপত্র**

নং.................. তারিখঃ .........................

প্রত্যয়ন করা যাইতেছে যে,.......................................................................বিদ্যালয়, ঠিকানা.......................................................................কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য "পাঠদান অনুমতি" সনদ প্রদান করা হইল। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করিতে হইবে যথাঃ—

শর্তসমূহ

(১)

(২)

(৩)

পাঠদান অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের সীলমোহর

পাঠদান অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম :

পদবি :

ফরম-গ
[বিধি-৫(১) দ্রষ্টব্য]

**নিবন্ধনের আবেদন ফরম**

১। বিদ্যালয়ের নাম :

২। বিদ্যালয়ের ঠিকানা, টেলিফোন/মোবাইল ও ই-মেইল (যদি থাকে) :

৩। বিদ্যালয় প্রতিষ্ঠার তারিখ :

৪। বিদ্যালয়ের ধরন (সঠিকটিতে চিহ্ন দিন) : সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যতীত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত পরিচালিত ৫ম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়।

৫। বিদ্যালয়ের পাঠদানের মাধ্যম (সঠিকটিতে চিহ্ন দিন) : বাংলা/ইংরেজি

৬। পাঠদান অনুমতি প্রদানের আরোপিত শর্ত/নির্দেশনা এবং উহার অগ্রগতি (নিম্নোক্ত ছকে সংযুক্ত করিতে হইবে):

| ক্রমিক নং | পাঠদান অনুমতি প্রাপ্তির নম্বর ও তারিখ | আরোপিত শর্ত/নির্দেশনাসমূহ | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

৭। পার্শ্ববর্তী চতুর্পার্শ্বস্থ নিকটতম বিদ্যালয়সমূহের তথ্য (নিম্নোক্ত ছকে সংযুক্ত করিতে হইবে): যাহা সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক পৃথক কাগজে প্রত্যায়িত হইতে হইবে। দূরত্ব বিবেচনায় বিদ্যালয় স্থাপনের উপযুক্ত হইলে উক্ত প্রত্যয়নপত্রে সুস্পষ্ট মতামত প্রদান করিতে হইবে।

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | বিদ্যালয়ের অবস্থান (দিক) | প্রস্তাবিত বিদ্যালয় থেকে দূরত্ব | ছাত্রছাত্রীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

(ক) **মালিকানা সম্পর্কিত**

৮। বিদ্যালয়টির উদ্যোক্তা/প্রতিষ্ঠাতা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত/পরিচালিত হইলে তাহার নাম:

৯। বিদ্যালয়টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন কিনা ? : হ্যাঁ/না

১০। উচ্চ বিদ্যালয় সংলগ্ন হইলে উক্ত উচ্চ বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং টেলিফোন/মোবাইল/ ই-মেইল (যদি থাকে):

১১। প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট উচ্চ বিদ্যালয়ের নিবন্ধন আছে কিনা ? থাকিলে নিবন্ধন নম্বর : হ্যাঁ/না

১২। বিদ্যালয়টি পরিচালনার ক্ষেত্রে কোনো গঠনতন্ত্র আছে কিনা? থাকিলে উহার কপি সংযুক্ত করিতে হইবে : হ্যাঁ/না

(খ) বিদ্যালয়ের ছাত্রছাত্রী সম্পর্কিত

১৩। প্রত্যেক শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা এবং যদি কোনো শ্রেণিতে কোনো শাখা থাকে তাহা হইলে শাখাওয়ারী ছাত্রছাত্রীর সংখ্যা উল্লেখ করিতে হইবে :

| শ্রেণির নাম | শাখা | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|---|
| | ক | | | |
| | খ | | | |

১৪। শিক্ষক সংখ্যা

| ক্রমিক নং | শিক্ষক/কর্মচারীর নাম | পদবি | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষণ, যদি থাকে | যোগদানের তারিখ ও বর্তমান বয়স | স্থায়ী/অস্থায়ী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | বিদ্যালয়ের ভবন, শিক্ষক পাঠদানের জন্য যথেষ্ট কি না (পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত বা উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় উভয় ক্ষেত্রে প্রযোজ্য)। | : | হ্যাঁ/না |
| ১৬। | বিদ্যালয়টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন হইলে পরিচালনা কমিটি পৃথক কি না? | : | হ্যাঁ/না |
| ১৭। | ভূমি ও ভবনসহ বর্তমান যাবতীয় সম্পদের বিবরণ (দলিল, নামজারি ইত্যাদি) | : | |
| ১৮। | ভবন যদি ভাড়ায় হয় তাহা হইলে চুক্তিপত্র (কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৯। | বিদ্যালয়টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন হইলে ভবন, শিক্ষক পৃথক কিনা? | : | |
| ২০। | বিদ্যালয়ের খেলার মাঠ বা খেলাধুলার প্রয়োজনীয় সুবিধার বিবরণ | : | |
| ২১। | বিধিমালা অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি আছে কিনা? | : | হ্যাঁ/না |
| ২২। | বিদ্যমান কমিটি গঠনের তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ | : | |
| ২৩। | কমিটির নিয়মিত সভা হয় কিনা? | : | হ্যাঁ/না |
| ২৪। | সাধারণ তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে) | : | |
| ২৫। | সংরক্ষিত তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে) | : | |
| ২৬। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর কর্মকর্তা কর্তৃক প্রতি ৩ (তিন) মাসে অন্যূন ১ (এক) বার পরিদর্শন হয় কিনা? হ্যাঁ/না (হ্যাঁ হইলে প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে) | : | |

| | | |
|---|---|---|
| ২৭। | টয়লেটের সংখ্যা ও বিবরণ (শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক কিনা?) | : |
| ২৮। | নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা? | : |
| ২৯। | নিবন্ধনের জন্য নির্ধারিত ফি জমার বিবরণ (নিবন্ধন সংক্রান্ত ফি জমাদানের প্রমাণ স্বরূপ জমা রসিদের কপি সংযুক্ত করিতে হইবে) | : |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে সরবরাহকৃত উপরি-উক্ত সকল তথ্য আমার জানামতে সত্য ও সঠিক। এমতাবস্থায়, ............................................বিদ্যালয়টিকে নিবন্ধন প্রদানের জন্য অনুরোধ করা হইল।

তারিখঃ

**প্রতিষ্ঠাতা/পরিচালক/প্রধান শিক্ষক**
**বা আইনগত প্রতিনিধির স্বাক্ষর**

ফরম-ঘ
[বিধি-৫(২) দ্রষ্টব্য]

**বিদ্যালয় মূল্যায়ন ফরম**

**১। প্রস্তাবিত বিদ্যালয় সম্পর্কিত**

(ক) বিদ্যালয়ের নাম :

(খ) বিদ্যালয়ের ঠিকানা, টেলিফোন ও ই- মেইল (যদি থাকে) :

(গ) বিদ্যালয়ের ধরন : সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যতীত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত পরিচালিত ৫ম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়।

(ঘ) বিদ্যালয়ের পাঠদানের মাধ্যম : বাংলা/ইংরেজি

(ঙ) প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্পার্শ্বস্থ নিকটতম বিদ্যালয়সমূহের তথ্য :

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | বিদ্যালয়ের অবস্থান (দিক) | প্রস্তাবিত বিদ্যালয় থেকে দূরত্ব | ছাত্রছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|---|
| | | | | |

(চ) প্রস্তাবিত বিদ্যালয় ও নিকটতম বিদ্যালয়ের মাঝে প্রতিবন্ধকতা থাকিলে তাহার বর্ণনা :

(ছ) প্রস্তাবিত বিদ্যালয়ের পাঠদান সময়সূচি :

(জ) প্রস্তাবিত বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার জনসংখ্যা (সর্বশেষ জনশুমারি অনুযায়ী) :

(ঝ) প্রস্তাবিত বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হইলে নিকটতম বিদ্যালয় থেকে কত ছাত্রছাত্রী স্থানান্তরিত হইতে পারে :

(ঞ) প্রস্তাবিত বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হইলে নিকটতম বিদ্যালয়ের উপর কি প্রভাব হইতে পারে তাহার সুস্পষ্ট বর্ণনা :

(ট) প্রস্তাবিত বিদ্যালয়ের গ্রামে/থানায় বিদ্যমান প্রাথমিক বিদ্যালয়সমূহের তথ্য :

(ঠ) প্রস্তাবিত বিদ্যালয়টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক শাখা হইলে বিদ্যালয়টির জমি ও ভবনের মালিকানা, শিক্ষক ও এসএমসি পৃথক কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত :

(ড) বিদ্যালয়টি পরিচালনার অনুমতি প্রদান করা না হইলে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে কি নেতিবাচক প্রভাব পড়িতে পারে :

২। বিদ্যালয়টির ছাত্রছাত্রীর তথ্য :

| ক্রমিক নং | শ্রেণি | শাখা | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|---|---|
| শিশু-৫ম | ক | | | | |
| | খ | | | | |

৩। বিদ্যালয়টির শিক্ষক/কর্মচারী সম্পর্কিত তথ্য :

| ক্রমিক নং | শিক্ষক/ কর্মচারীর নাম | পদবি | শিক্ষাগত যোগ্যতা | পেশাগত যোগ্যতা/ প্রশিক্ষণ | বিজ্ঞপ্তির তারিখ | যোগদানের তারিখ | নিয়োগের তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৪। প্রস্তাবিত বিদ্যালয়টির ছাত্রছাত্রীদের নিকট থেকে প্রতি মাসে বা বৎসরে শ্রেণিভেদে আদায়কৃত টিউশন, ভর্তি ফিসহ অন্যান্য ফি সম্পর্কে মতামত :

৫। বিদ্যালয়ের জমি, ভবন, ভবনের আয়তন, শিশুদের খেলাধুলার জন্য মাঠ বা প্রয়োজনীয় সুবিধাদি সম্পর্কে বিবরণ। জমি নিজস্ব হইলে দলিল ও নামজারি আছে কিনা? তাছাড়া, জমি/ভবন ভাড়ায় হইলে সে বিষয়ে মন্তব্য :

৬। বিদ্যালয়ের সাধারণ, সংরক্ষিত তহবিল এবং ব্যক্তি নামে প্রতিষ্ঠিত হইলে সংশ্লিষ্ট সংরক্ষিত তহবিলের হিসাব সম্পর্কে মতামত। তাছাড়া, ব্যক্তি নামের ক্ষেত্রে সংরক্ষিত তহবিল কখনও উত্তোলন করা যাইবে না বিষয়ে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত আছে কিনা?

৭। বিধিমালা অনুযায়ী বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি আছে কিনা? তাছাড়া, কমিটির গঠন ও নিয়মিত সভা অনুষ্ঠান বিষয়ে সুস্পষ্ট মতামত :

৮। প্রস্তাবিত বিদ্যালয়টি কর্তৃক জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড/আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ বিষয়ে মতামত :

৯। কোনো প্রকার সরকারি অনুদান/সাহায্য ছাড়া বিদ্যালয় পরিচালনা করবেন মর্মে উদ্যোক্তার অঙ্গীকারনামায় (৩০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে) স্বাক্ষর প্রদান করেছেন কিনা?

১০। বিদ্যালয়টি প্রতিষ্ঠার বিষয়ে পরিদর্শনকারী কর্মকর্তার সুনির্দিষ্ট মন্তব্য ও সুপারিশ :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে সরবরাহকৃত উপরি-উক্ত সকল তথ্য আমার জানামতে সত্য ও সঠিক।

তারিখ : **উপজেলা/থানা শিক্ষা অফিসারের স্বাক্ষর**

**ফরম-ঙ**

[বিধি-৫(৫) দ্রষ্টব্য]

**নিবন্ধন সনদপত্র**

নং ...............................

তারিখঃ ...............................

প্রত্যয়ন করা যাইতেছে যে,....................................................................বিদ্যালয়, ঠিকানা.........................................................................................কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর অধীন নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৫ এর উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী বিদ্যালয়টিকে এতদ্দ্বারা নিবন্ধন সনদ প্রদান করা হইল। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করিতে হইবে, যথাঃ—

শর্তসমূহঃ

(১)

(২)

(৩)

নিবন্ধন কর্তৃপক্ষের সীলমোহর

নিবন্ধন কর্তৃপক্ষের স্বাক্ষর

নামঃ

পদবিঃ

ফরম-চ
[বিধি-৬(২) দ্রষ্টব্য]

**নিবন্ধন নবায়নের আবেদনপত্র**

১। বিদ্যালয়ের নাম :

২। বিদ্যালয়ের ঠিকানা, টেলিফোন/মোবাইল ও ই-মেইল (যদি থাকে) :

৩। বিদ্যালয় প্রতিষ্ঠার তারিখ :

৪। বিদ্যালয়ের ধরন (সঠিকটিতে চিহ্ন দিন) : সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যতীত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত পরিচালিত ৫ম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়

৫। বিদ্যালয়ের পাঠদানের মাধ্যম (সঠিকটিতে চিহ্ন দিন) : বাংলা/ইংরেজি

৬। পাঠদান অনুমতি সনদ প্রাপ্তির অফিস স্মারক ও তারিখ :

৭। নিবন্ধন সনদ প্রাপ্তির ক্ষেত্রে আরোপিত শর্ত/নির্দেশনা এবং উহার অগ্রগতি (নিম্নোক্ত ছকে সংযুক্ত করিতে হইবে) :

| ক্রমিক নং | নিবন্ধন প্রাপ্তির অফিস স্মারক ও তারিখ | আরোপিত শর্ত/ নির্দেশনাসমূহ | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

৮। বিদ্যালয়টি গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হইতেছে কিনা? : হ্যাঁ/না

৯। প্রত্যেক শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা এবং যদি কোনো শ্রেণিতে কোনো শাখা থাকে তাহা হইলে শাখাওয়ারী ছাত্রছাত্রীর সংখ্যা উল্লেখ করিতে হইবে:

| শ্রেণির নাম | শাখা | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|---|
| | ক | | | |
| | খ | | | |

১০। শিক্ষক/কর্মচারীর সংখ্যা (নিম্নোক্ত ছকে সংযুক্তি করিতে হইবে):

| ক্রমিক নং | শিক্ষক/কর্মচারীর নাম | পদবি | শিক্ষাগত যোগ্যতা | পেশাগত যোগ্যতা/প্রশিক্ষণ | যোগদানের তারিখ | স্থায়ী/অস্থায়ী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১১। ভবন যদি ভাড়ায় হয় তাহা হইলে চুক্তিপত্র (কপি সংযুক্ত করিতে হইবে):

১২। বিদ্যালয়টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন হইলে ভবন, জমি, শিক্ষক এবং পরিচালনা কমিটি পৃথক কিনা? :

১৩। বিদ্যালয়ের খেলার মাঠ বা খেলাধুলার প্রয়োজনীয় সুবিধার বিবরণ :

১৪। বিধিমালা অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি আছে কিনা? : হ্যাঁ/না

১৫। বিদ্যমান কমিটি গঠনের তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ :

১৬। কমিটির নিয়মিত সভা হয় কিনা? : হ্যাঁ/না

১৭। সাধারণ তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে) :

১৮। সংরক্ষিত তহবিলে অর্থের পরিমাণ (ব্যাংকের ব্যবস্থাপকের সনদ সংযুক্ত করিতে হইবে) :

১৯। শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক নির্ধারণের ক্ষেত্রে বিধি ২০ এর বিধান অনুসরণ করা হইতেছে কিনা? (শ্রেণিভিত্তিক অতিরিক্ত বই এর তালিকা পৃথক কাগজে সংযুক্ত করিতে হইবে) : হ্যাঁ/না

২০। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর কর্মকর্তা কর্তৃক প্রতি ৩ (তিন) মাসে অন্যূন ১ (এক) বার পরিদর্শন হয় কিনা? হ্যাঁ/না (হ্যাঁ হইলে প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে) : হ্যাঁ/না

২১। টয়লেটের সংখ্যা ও বিবরণ (শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক কিনা?) :

২২। নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা? :

২৩। নিবন্ধন নবায়নের জন্য নির্ধারিত ফি জমার বিবরণ (নিবন্ধন নবায়ন সংক্রান্ত ফি জমাদানের প্রমাণ স্বরুপ জমা রসিদের কপি সংযুক্ত করিতে হইবে) :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে সরবরাহকৃত উপরি-উক্ত সকল তথ্য নির্ভুল ও সঠিক। প্রয়োজনীয় প্রমাণক এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হইল। এমতাবস্থায়.................. নিবন্ধন নবায়ন প্রদানের জন্য অনুরোধ করা হইল।

তারিখ:

প্রতিষ্ঠাতা/পরিচালক/প্রধান শিক্ষক
বা আইনগত প্রতিনিধির স্বাক্ষর

ফরম-ছ
[বিধি-৬(৪) দ্রষ্টব্য]

**নিবন্ধন নবায়নের সনদপত্র**

নং.......................... তারিখ:......................

প্রত্যয়ন করা যাইতেছে যে,...............................................................বিদ্যালয়, ঠিকানা.........................................................................কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর অধীন উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৬ এর উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী বিদ্যালয়টিকে এতদ্দ্বারা নিবন্ধন নবায়ন সনদ প্রদান করা হইল। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়টিকে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করিতে হইবে, যথা:—

শর্তসমূহ:

(১)

(২)

(৩)

নিবন্ধন নবায়ন কর্তৃপক্ষের সীলমোহর

নিবন্ধন নবায়ন কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম:

পদবি:

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আক্তারুন্নাহার**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd